

💵 আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ মুরজিয়া মতবাদ, নেক আমল, মুজিযা-কারামত, আখিরাত, ঈমান-ইসলাম ও অন্যান্য প্রসঙ্গ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২. ১. ১. ইখলাসুল ইবাদাত: ইবাদাতের বিশুদ্ধতা

ইবাদত কবুল হওয়ার প্রথম শর্ত ইবাদতকারীকে শিরকমুক্ত ঈমানের অধিকারী হতে হবে এবং একমাত্র আল্লাহর সন্তুষ্টি লাভের জন্যই ইবাদতটি পালন করা হবে। কুরাআন-হাদীসে এ বিষয়ে অগণিত নির্দেশনা রয়েছে। আল্লাহ বলেন:

''অতএব যে তার প্রতিপালকের সাক্ষাৎ আশা করে সে নেক কর্ম করুক এবং তার প্রতিপালকের ইবাদতে কাউকে শরীক না করুক।''[1]

অন্যত্র মহান আল্লাহ বলেন:

"আর যে ব্যক্তি মুমিন হওয়া অবস্থায় নেক কর্ম করবে সে কোনো জুলুম, ক্ষতি বা কমতির আশঙ্কা করবে না।"[2] এভাবে কুরআনে বারবার বলা হয়েছে যে, আমল কবুলের পূর্বশর্ত ঈমান। আর ঈমানের প্রথম অংশ তাওহীদের অর্থ ইবাদত শুধুই আল্লাহর জন্য করা।[3]

ফুটনোট

- [1] সুরা (১৮) কাফা: ১১০ আয়াত।
- [2] সূরা (২০) তাহা: ১১২ আয়াত।
- [3] দেখুন: সূরা: (8) নিসা: ১২৪ আয়াত; সূরা (১৬) নাহল: ৯৭ আয়াত; সূরা (১৭) ইসরা (বনী ইসরাঈল): ১৯ আয়াত; সূরা (২১) আম্বিয়া: ৯৪ আয়াত; সূরা (৪০) গাফির (মুমিন): ৪০ আয়াত ...।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7226



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন